# ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়

বাগমারা, রাজশাহী

স্থাপিত : ২০০০ ইং

www.bhawanigonjpaurashava.org


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৮১১২.০২৫.২৮.০০১.২১-৩০ তারিখঃ ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

## " হাট-বাজার ও শিবজাইট বাজার ষ্ট্যান্ড ইজারা বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভবানীগঞ্জ পৌরসভাধীন হাটবাজার সমূহ ও শিবজাইট বাজার স্ট্যান্ড বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে, চৈত্র পর্যন্ত (এক) বছর মেয়াদে সম্পূর্ন অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত হাটবাজার ও স্ট্যান্ড ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হইতে সরকার কর্তৃক আরোপিত শর্তসম্বলিত সিডিউল ফরমে হাটবাজারের ও ষ্ট্যান্ডের নাম উল্লেখ পূর্বক সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে, মেয়র,ভবানীগঞ্জ পৌরসভা,রাজশাহী'র অনুকুলে জমা দিতে হবে। ভবানীগঞ্জ হাটবাজারের ক্ষেত্রে পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্স (ইজারা সংক্রান্ত) দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করিতে হইবে। প্রতিটি হাট-বাজার ও ষ্ট্যান্ডের জন্য বিস্তারিত শর্ত সম্বলিত প্রতি সেট দরপত্র নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) তফশীলে ০৬ নং কলামে বর্ণিত সময় সুচী মোতাবেক (ক) জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী , (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বাগমারা,রাজশাহী, (ঘ) সোনালী ব্যাংক লিঃ,ভবানীগঞ্জ শাখা, বাগমারা, রাজশাহী (ঙ) বাগমারা থানা, রাজশাহী (চ) ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়,রাজশাহী হইতে ক্রয় করা যাইবে। দরপত্র তফশীলে ০৭ নং কলামে উল্লেখিত সময়সুচী অনুযায়ী (ক) জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী ও (গ) ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়ের রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহন করা হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়ে খোলা হইবে। হাটবাজার ইজারা নীতিমালা মোতাবেক প্রথমবার কাংখিত ইজারা মূল্য পাওয়া না গেলে তফশীলে ০৬ ও ০৭ নং কলামে বর্ণিত সময়সুচী মোতাবেক উপরে উল্লেখিত দপ্তরসমূহে কার্যক্রম অব্যাহত রাখা হবে। দরপত্র দাখিল/খোলার নির্ধারিত দিন কোন দরপত্র ফরম/সিডিউল বিক্রি করা হবে না। **ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য/ শর্তাবলী সিডিউল বিক্রয়ের দিন পর্যন্ত অফিস চলাকালিন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে এবং পৌরসভা ওয়েব সাইটে পাওয়া যাবে (http://www.bhawanigonjpaurashava.org)।**

**"তফশীল "(বাংলা ১৪৩০ সনের হাট-বাজার ও শিবজাইট বাজার ষ্ট্যান্ড ইজারা ক্যালেন্ডার)**

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ৩ বছরের গড় মূল্য | ৬% বৃদ্ধিতে সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯টা হতে বেলা ১টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | ভবানীগঞ্জ হাট-বাজার | ৭৭,৫৭৯৬৭/- | ৮২,২৩,৪৪৫/- | ১৭,২০০/- | ১ম বার ১৯-০২-২০২৩ খ্রিঃ | ১ম বার ২০-০২-২০২৩ খ্রিঃ |
| ০২। | শিবজাইট বাজার | ৬৩৬৭/- | ৬,৭৪৯/- | ৫০০/- | ২য় বার ০৬-০৩-২০২৩ খ্রিঃ | ২য় বার ০৭-০৩-২০২৩ খ্রিঃ |
| ০৩। | শিবজাইট বাজার ষ্ট্যান্ড | ৫৫০০/- | ৫,৮৩০/- | ৫০০/- | ৩য় বার ২২-০৩-২০২৩ খ্রিঃ | ৩য় বার ২৩-০৩-২০২৩ খ্রিঃ |

**বিশেষ শর্তাবলী :-**

০১। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ( ২৫% +৫% দুইটি পৃথক) ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকার ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার, ড্রেন ও কসাইখানা পরিষ্কার পরিছন্নতা না করিলে বা হাটের কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ জমাকারীর অনুকুলে প্রত্যার্পণ করা হবে।

০২। ভবানীগঞ্জ হাটবাজারের ক্ষেত্রে পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্স (ইজারা সংক্রান্ত) দরপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

০৩। সর্বোচ্চ দরদাতার উদ্ধৃতদর কর্তৃপক্ষের কাছে সন্তোষজনক বলে বিবেচিত ও অনুমোদিত হলে দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে মেয়র ভবানীগঞ্জ পৌরসভার অনুকুলে জমা দিতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% (শতকরা পনের ভাগ) হারে ভ্যাট এবং ১০% (শতকরা দশ ভাগ) হারে আয়কর প্রদান করতে হবে। এছাড়া ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্ত সম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদন পূর্ব্বক হাটবাজারের বাস্তব দখল হস্তান্তর করা হবে।

০৪। দরপত্রদাতাকে দরপত্রের সহিত গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি এবং ভোটার আইডি কার্ড অথবা সংশ্লিষ্ট নিজ বাসস্থান এলাকার মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদও নাগরিক সনদপত্র দাখিল করতে হবে।

০৫। সরকার অনুমোদিত নতুন টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৬। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

০৭। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন ।

০৮। সরকারী হাট-বাজার ইজারা নীতিমালার যাবতীয় শর্তাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত যে কোন শর্তাবলী দরপত্রের অংশ হিসাবে গণ্য হবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যেকোন দরপত্র গ্রহন কিংবা বাতিলের ক্ষমতা সহ যেকোন দরদাতার দর বহাল রেখে পূনঃ দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষন করেন।

(মোঃ আঃ মালেক) ২/২/২০২৩
মেয়র
ভবানীগঞ্জ পৌরসভা
বাগমারা, রাজশাহী

স্মারক নং- ৪৬.৪৩.৮১১২.০২৫.২৮.০০১.২১-৩০(৩৫)

তারিখঃ ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হইলঃ- (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরন করা হইল :- (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী, তাঁকে ধার্য্য তারিখে টেন্ডার বাক্স স্থাপন ও যথাযথভাবে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হলো।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব, রাজশাহী।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী। তাঁকে ধার্য্য তারিখে টেন্ডার বাক্স স্থাপন ও যথাযথভাবে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হলো।
০৯। মেয়র/প্রশাসক, (সকল পৌরসভা), রাজশাহী।
১০। নির্বাহী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১১। সহকারী কমিশনার (ভুমি), বাগমারা, রাজশাহী।
১২। উপজেলা------------------------------------------------------ অফিসার, বাগমারা, রাজশাহী।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাগমারা থানা, রাজশাহী।
১৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ভবানীগঞ্জ শাখা, বাগমারা, রাজশাহী।
১৫। কাউন্সিলর (সকল), ভাবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৬। সহকারী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
১৮। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা, পৌর ভুমি অফিস, বাগমারা, রাজশাহী তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।।
১৯। ইজারাদার--------------------------------------------------------- হাটবাজার,বাগমারা,রাজশাহী তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২০। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, ------------------------------------------------------------------------------------------- বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ১(এক) দিন সংক্ষিপ্ত (৪"X৪ কলাম) আকারে ভিতরের পাতায় প্রকাশ পুর্বক ডিএফপি রেইট সহ অত্র কার্যালয়ে ২(দুই) ফর্দ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।
২১। অত্রাফিস নোটিশ বোর্ড।

২/২/২০২৩
(মোঃ আঃ মালেক)
মেয়র
ভবানীগঞ্জ পৌরসভা
বাগমারা, রাজশাহী